# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৩৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮৪. মহিলারা কয়টি কাপড় পরে সালাত আদায় করবে

باب فِي كَمْ تُصَلِّي الْمَرْأَةُ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ مُحَمَّدِ بْنِ زَيْدِ بْنِ قُنْفُذٍ، عَنْ أُمِّهِ، أَنَّهَا سَأَلَتْ أُمَّ سَلَمَةَ مَاذَا تُصَلِّي فِيهِ الْمَرْأَةُ مِنَ الثِّيَابِ فَقَالَتْ تُصَلِّي فِي الْخِمَارِ وَالدِّرْعِ السَّابِغِ الَّذِي يُغَيِّبُ ظُهُورَ قَدَمَيْهَا .

ضعيف موقوف

বাংলা

৬৩৯। মুহাম্মাদ ইবনু যায়িদ ইবনু কুনফুয হতে তার মাতার সূত্রে বর্ণিত। তার মাতা উম্মু সালামাহ (রাঃ)-কে জিজ্ঞেস করলেন, মহিলারা কয়টি কাপড় পরে সালাত আদায় করবে? তিনি বললেন, একটি ওড়না এবং একটি জামা পরেই সালাত আদায় করতে পারবে। তবে জামাটি এরূপ লম্বা হবে যা দিয়ে পায়ের উপরিভাগ ঢেকে যাবে।[1]

দুর্বল মাওকূফ।

## English

Zaid b. Qunfudh said that his mother asked Umm Salamah :
In how many clothes should a woman pray? She replied; she would pray wearing a veil and a long shirt which covers the surface of her feet.

ফুটনোট

[1] মালিক (অধ্যায়ঃ জামা'আতে সালাত, অনুঃ মেয়েদের জন্য জামা ও ওড়না পরিধান করে সালাত আদায়ের অনুমতি)। ইবনু 'আব্দুল বার 'আল ইসতিজকার' গ্রন্থে বলেন, মুয়াত্তা গ্রন্থে বর্ণিত হাদীসটি মাওকুফ। একে মারফূ

বানিয়েছেন ‘আব্দুর রাহমান ইবনু ‘আব্দুল্লাহ ইবনু সীনার, মুহাম্মাদ ইবনু যায়িদ থেকে তার মাতার সূত্রে ইবনু সালামাহ থেকে। শায়খ আলবানী বলেন, যঈফ মাওকুফ। ইমাম যায়লা‘য়ী একে নাসবুর রায়াহ’ গ্রন্থে (১/৩০০) উল্লেখ করে বলেন, ইমাম দারাকুতনীকে জিজ্ঞেস করা হলো এ হাদীস সম্পর্কে ‘আল-ইলাল’ গ্রন্থে তিনি বললেন, এটি বর্ণনা করেছেন মুহাম্মাদ ইবনু যায়িদ ইবনুল মুহাজির তার মাতার সূত্রে সালামাহ থেকে। তার সূত্রে এটি মারফূ হওয়ার ব্যাপারে মতভেদ রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন